

PS+YOU

চ্যান্সেলর **মেলিসা অ্যাভিলেস-রামোস**-এর কাছ থেকে একটি নিউজলেটার













স্বাস্থ্য এবং সার্বিক সুস্থতার উপর আলোকপাত

প্রিয় পরিবারবর্গ এবং সহকর্মীবৃন্দ,

আমরা মাত্র মধ্য-শীতের অবসর থেকে ফিরেছি, এবং এই ছুটির নামের সাথে মিল রেখে সপ্তাহটিতে অসম্ভব ঠাণ্ডা এবং বাতাস ছিল—এর ফলে মনে হচ্ছে এটি বিশেষভাবে স্বাস্থ্য এবং সার্বিক সুস্থতার উপর আলোকপাত করার একটি গুরুত্বপূর্ণ সময়।

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ -এ, আমাদের স্বাস্থ্য এবং সার্বিক সুস্থতার পদক্ষেপটি সামগ্রিক এবং উদ্ভাবনী। আপনি জানেন কি যে, এই যেমন আমাদের অফিস অভ স্কুল হেলথের সাথে ডিপার্টমেন্ট অভ হেলথ্ অ্যান্ড হাইজিনের অংশীদারিত্বের মাধ্যমে. আমরা শিক্ষার্থীর দাঁতের যতু এবং দৃষ্টি পরীক্ষা পরিষেবা প্রদান করি? এবং 130-টির বেশি কমিউনিটি ভিত্তিক সংগঠনের সাথে আমাদের <u>মানসিক স্বাস্থ্য বিষয়ক কাজের</u> পাশাপাশি, আমরা আনুমানিক 215-টি স্কুল-ভিত্তক মানিসক স্বাস্থ্য বিষয়ক ক্লিনিকেক সহায়তা দিয়ে থাকি—এবং এই বছর আমরা নতুন আরও 20-টি খুলিছ? এছাড়াও শিক্ষার্থীরা <u>স্কুলের নাসের</u> কাছে অথবা স্কুল-ভিত্তক হেলথ্ সেন্টারগুলোতেও যেতে পারে; আপনি আমাদের স্কুলের নার্সদের চমৎকার কাজ সম্পর্কে আরও জানতে নিচে আমাদের চ্যান্সেলরের স্পটলাইট দেখতে পারেন।

শিক্ষার্থীদের শেখার জন্য, তাদের শারীরিক ও মানসিকভাবে ভালো থাকা প্রয়োজন। যখন আমি একজন শিক্ষক অতঃপর প্রিন্সিপাল হয়েছি, তখন থেকে শুরু করে এবং বর্তমানে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর একজন পিতামাতা হিসেবে আমি এটি নিজে পর্যবেক্ষণ করেছি। আমি আপনকে এই মৌসুমে সুস্থ থাকার বিভিন্ন পরামর্শের জন্য আমাদের এই ওয়েবসাইটটি দেখতে উৎসাহিত করছি, এবং আমরা যখন শীত থেকে বসন্তের দিকে এগুচ্ছি, তখন আসুন আমরা স্বাস্থ্য এবং সার্বিক সুস্থতার বিষয়টি মাথায় রাখি।

অংশীদারিত্বে,

মেলিসা অ্যাভিলেস-রামোস (Melissa Aviles-Ramos)


চ্যান্সেলর

চ্যান্সলরের স্পটলাইট:

গত সাত বছর যাবৎ, ডিনা হেনরি (Dinah Henry) ব্রুকলিনের PS 184-এ একজন নার্স হিসেবে কাজ করছেন। তিনি স্বাস্থ্যকর অভ্যাস শিক্ষাদানে এবং যেসব শিক্ষার্থীর দীর্ঘস্থায়ী স্বাস্থ্যগত অবস্থা রয়েছে তারা যেন স্কুলে আরও বেশি সময় অংশগ্রহণ করতে পারে, সেজন্যে তাদেরকে সহায়তা করতে অত্যন্ত আগ্রহী। তিনি বলেন, "একজন শিক্ষার্থীকে স্কুলে অতিরিক্ত অনুপস্থিত থাকা, ইমার্জেন্সি রুমে যাওয়া, এবং/অথবা হাসপাতালে যাওয়া থেকে... প্রতিদিন স্কুলে উপস্থিত হবার জন্য পুরস্কার লাভ করতে দেখতে পারাটা হলো সবচেয়ে বড় পাওয়া।" এই মৌসুমে, শিক্ষার্থী এবং পরিবারদের প্রতি তার পরামর্শ হলো প্রায়শই হাত ধোয়া—যা "প্রতিদিনের জীবাণুর বিরুদ্ধে যুদ্ধের সবচেয়ে গুরুত্বপূর্ণ পদক্ষেপ।"

कारना व्यक्ति वर्थवा क्षाश्चामक छाञ्चलतत व्यक्तिनारुष्टे-वत क्रम्य वर्थाल मलानसन फिन।

আমাদের হাইলাইট ভিডিও:



অনুবাদের জন্য, অনুগ্রহ করে আমাদের ইউটিউব পেজ দেখুন।

অনুবাদিত সাবটাইটেল পেতে: "CC" আইকন-এ ক্লিক করুন। "সেটিং" (Setting) আইকন-এ ক্লিক করুন এবং "Subtitles/CC" বেছে নিন। "Auto Translate" (স্বয়ংক্রিয় অনুবাদ) বেছে নিন এবং আপনার ভাষা বেছে নিন।

NYCPS-এর সংবাদ এবং তথ্য-সংস্থান:

- প্রি-K এবং 3-K-তে ভর্তির আবেদনের শেষ দিন হলো আজ, 28 ফব্রুয়ারি। <u>আরও জানুন এবং আবেদন</u> করুন!
- আরও সংবাদ এবং তথ্য-সংস্থানের জন্য, <u>দ্যা মর্নিং বেল</u> দেখুন অথবা অনলাইনে <u>ফেসবুক, ইনস্টাগ্রাম, X,</u> এবং ইউটিউব-এ NYCPS-কে অনুসরণ করুন।
- এখানে মেয়র এরিক অ্যাডামস্-এর <u>সাপ্তাহিক ভিডিও</u> দেয়া হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে অনুগ্রহ করে এখানে ক্লিক করুন।

NYCPS পরিবারবর্গ: আপনি এই নিউজলেটারটি আর পেতে না চাইলে অনুগ্রহ করে <u>আনসাবস্ক্রাইব</u>.-এ ক্লিক করুন।